আজাদের সন্ধান চাই তার পরিবার

মো: আজাদ রহমান (৪৮) নামের এক ব্যক্তি হারিয়ে গেছে, পিতা মো: আব্দুস সালাম, মাতা মোছা: মৌরিয়ম নেছা, গ্রাম: শ্যামপুর, ইউনিয়ন: আমঝুপি, পোস্ট: আজিজা বাদ, থানা ও জেলা মেহেরপুর। তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। যদি কোন সুহৃদয়বান ব্যক্তি সন্ধান পান তাহলে যোগাযোগ করুন ০১৭৫৯-০৫৮৫৩৫ এই নাম্বারে।

বঙ্গন্ধুর ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে কোটচাঁদপুরে বিক্ষোভ

কুষ্টিয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নব নির্মিত ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে এই বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চলের নেতৃত্বে বিক্ষোভ মিছিল টি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্বরে এক প্রতিবাদ সমাবেশ করে।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল, কৃষক লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান আলী প্রমুখ।

এ সময় উপজেলা আ.লীগ ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ইটভাঙ্গা মালিক সমিতির নির্বাচন

মেহেরপুর সদর উপজেলা ইটভাঙ্গা মালিক সমিতির সাধারণ নির্বাচন ২০২০ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার হাসপাতাল রোড মেহেরপুর সদর উপজেলার ইট ভাঙ্গা মালিক সমিতির প্রধান কার্যালয়ে সকাল ৯টা থেকে ১ টা পর্যন্ত ভোট গ্রহণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

নির্বাচনে সভাপতি হিসেবে জয়লাভ করেন মোঃ বোরহানুল আজিম রিয়াদ, সহ-সভাপতি মোঃ ছালিকুর রহমান সোহেল, সাধারণ সম্পাদক মোঃ মোশাররেফ হোসেন, সহ-সাধারণ সম্পাদক মোঃ মেহেদী, সাংগঠনিক সম্পাদক মোঃ আব্দুস সালাম, কোষাধক্ষ্য মোঃ রাকিবুল ইসলাম বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত, প্রচার সম্পাদক মোঃ জাকারিয়া, কার্যনির্বাহী সদস্য মোঃ সন্টু মিয়া এবং মোঃ সেন্টু প্রমুখ।

আলমডাঙ্গায় উপজেলা চেয়ারম্যানের কম্বল বিতরণ

গতকাল শনিবার সন্ধ্যায় আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান গরিব মানুষদের মাঝে কম্বল বিতরণ করেছেন।

জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ, নাগদাহ ইউনিয়নের জোরগাছা ও আইলহাঁস ইউনিয়নের খাসবাগুন্দা ও লক্ষীপুর গ্রামের শীতার্ত মানুষের মাঝে তিনি এ কম্বল বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন আতিকুর রহমান, মানিকসহ অন্যান্য ব্যক্তিবর্গর।

আলমডাঙ্গায় ব্যবসায়ীসহ দুই জনকে জরিমানা

আলমডাঙ্গা জেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট এর অভিযানে হোটেল ব্যবসায়ী ও মোটরসাইকেল আরোহীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বিকাল ৫টার দিকে পৌর এলাকার আনন্দধাম ব্রিজের নিকট এ অভিযান পরিচালনা করেন।

এ সময় হোটেল ব্যবসায়ী সিরাজুল ইসলামকে ৫শত টাকা ও মোটরসাইকেল আরোহী বিপুলকে ২শত টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালতে উপস্থিত ছিলেন জেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট জান্নাতুল ফেরদৌস, নির্বাহী ম্যাজিষ্ট্রেট ফিরোজ হোসেন ও আলমডাঙ্গা থানার এএসআই আব্দুল হালিম সঙ্গীয় ফোর্সসহ উপস্থি ছিলেন।

আলমডাঙ্গায় হাসান কাদির গনু’র গণসংযোগ

আসন্ন আলমডাঙ্গা পৌর নির্বাচন উপলক্ষে উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু পথসভা ও নির্বাচনী গণসংযোগ করেছে।

গতকাল শনিবার সন্ধ্যা ৭টার দিকে পৌর এলাকার কলেজপাড়ায় এ নির্বাচনী পথ সভা ও গণসংযোগ করেন।

নির্বাচনী গণসংযোগে পৌর মেয়র হাসান কাদির গনু বলেন, চলমান

করোনা ভাইরাসের কারণে আলমডাঙ্গা পৌর এলাকার উন্নয়নে বাধা সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে পৌর এলাকার বিভিন্ন রাস্তার কাজ শেষ হলেও অনেক রাস্তা নির্মাণের অপেক্ষায় আছে। দ্রুতই শুরু হচ্ছে এসব রাস্তা নির্মাণের কাজ।

পৌর এলাকায় জলাবদ্ধতা নিরাসনের জন্য গুরুত্ব দেওয়া হয়েছে ড্রেন নির্মাণে সেটির কাজও চলমান রয়েছে। তিনি জনগণের উদ্দেশ্যে আরও বলেন, আমাকে আবারো ভোট দিয়ে নির্বাচিত করুন। আলমডঙ্গা পৌর শহরকে একটি আধুনিক পৌর নগরী হিসেবে আপনাদের উপহার দিবো।

নির্বাচনী পথ সভায় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক মিডিল, সেলিম, মাসুম, রমজান, মুন্নি, বাপ্পি, শুভ, চমক, পাপ্পু, সিফাত, উৎস, মেহেদী, তারিক, সবুজ, সুমন, সিহাব, সাকিব, মানিক, আশিক, সোহেল প্রমুখ।

কুষ্টিয়ায় বিএনপি কার্যালয়ে ভাঙচুর করেছে দুর্বৃত্তরা

কুষ্টিয়া জেলা বিএনপির কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙচুর করেছে একদল দুর্বৃত্ত। শনিবার বিকেল সাড়ে চারটার দিকে শহরের এনএস রোডে পাবলিক লাইব্রেরির সামনে অবস্থিত ওই কার্যালয়ে এ হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।

গতকাল শুক্রবার দিবাগত রাতে শহরের পাঁচ রাস্তার মোড়ে নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরের ঘটনার ১৫ ঘণ্টার মধ্যে বিএনপি কার্যালয়ে ভাঙচুরের ঘটনা ঘটল। তবে দুটি ঘটনায় পুলিশ এখনও কাউকে আটক করতে পারেনি।

জেলা বিএনপির সভাপতি সৈয়দ মেহেদী আহম্মেদ জানান, দুপুরে কার্যালয়ে বৈঠক করেন তাঁরা। বেলা তিনটার দিকে নেতা–কর্মীরা কার্যালয় ছেড়ে বাড়ি চলে যান। কার্যালয় খোলা রেখে সেখানে একজন পিয়ন ছিলেন। বিকেল পৌনে পাঁচটার দিকে জানতে পারেন কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙ্চুর করা হয়েছে।

সৈয়দ মেহেদী আহম্মেদ বলেন, একদল সন্ত্রাসী হামলা চালিয়ে তাঁদের কার্যালয় ভাঙচুর করেছে। কার্যালয়ে থাকা চেয়ার–টেবিল ভাঙচুর করেছে। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে। এ ঘটনার তীব্র নিন্দা ও দোষীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানান তিনি।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের বিষয়ে জানতে চাইলে সৈয়দ মেহেদী আহম্মেদ মন্তব্য করেন, ‘যারাই করুক, এটা তো উচিত হয়নি।’

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে কুষ্টিয়ায় শ্রমিক লীগের বিক্ষোভ

কুষ্টিয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে জেলা জাতীয় শ্রমিক লীগ।

শনিবার বিকেলে জেলা শ্রমিক লীগের উদ্যোগে শহরের পৌরসভা চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে বঙ্গবন্ধু সুপার মার্কেটের সামনে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তারা কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের সাথে জড়িতদের গ্রেফতারের দাবি জানান। সেই সাথে ভাস্কর্যের বিরোধিতাকারীদের বিরুদ্ধে ঐক্য গড়ে তুলতে সকলের প্রতি আহ্বান জানান।

এতে উপস্থিত ছিলেন- কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আমজাদ আলী খান, যুগ্ম-সাধারণ সম্পাদক মতিউর রহমান, হামিদুল ইসলাম, শাহিনুল ইসলাম লেবু, সহ-সাধারণ সম্পাদক বাদশা আলমগীর, মীম আহমেদ, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]